

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০০৬.১২-৩৫১

তারিখ: ৮ কার্তিক ১৪২৫

২৩ অক্টোবর ২০১৮

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলাধীন “বগইর মডেল স্কুল এন্ড কলেজ”-এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি সংক্রান্ত।

সূত্র: কুমিল্লা শিক্ষা বোর্ডের স্মারক নং-অনুমতি/২৮৮/বিবি/৩৩৬, তারিখ: ২৫/০৭/১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রবর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা-এর অধীন ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলাধীন “বগইর মডেল স্কুল এন্ড কলেজ”-এর নিম্নোক্ত শর্তে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি প্রদানে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্ত:

- (ক) ০১ (এক) বছরের মধ্যে প্রয়োজনীয় জমি প্রতিষ্ঠানের নামে প্রদান করতে হবে;
- (খ) এন.টি.আর.সি.এ.-এর মাধ্যমে শিক্ষক নিয়োগ করতে হবে;
- (গ) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।



২৩-১০-২০১৮

অসীম কুমার কর্মকার

সহকারী সচিব

ফোন: ৯৫৭০৬৭২

ইমেইল: as.sec3@moedu.gov.bd

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
কুমিল্লা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০০৬.১২-৩৫১/১(৭)

তারিখ: ৮ কার্তিক ১৪২৫

২৩ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) প্রধান শিক্ষক, “বগইর মডেল স্কুল এন্ড কলেজ”, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া
- ৭) অফিস কপি, বেসরকারি মাধ্যমিক-২



২৩-১০-২০১৮

অসীম কুমার কর্মকার
সহকারী সচিব